

পরমাণু অস্ত্রপ্রসার রোধ এবং নিরস্ত্রীকরণ বিষয়ে ভারত-রাশিয়া দ্বিপাক্ষিক আলোচনা

জনাব মিখায়েল লয়ানভ, পরমাণু অস্ত্রপ্রসার রোধ এবং অস্ত্র নিয়ন্ত্রণ বিভাগের প্রধান, বিদেশমন্ত্রক, রাশিয়ান ফেডারেশন, ভারত সফর করলেন ২৩-২৪ মার্চ, ২০১৭, পরমাণু অস্ত্রপ্রসার রোধ ও নিরস্ত্রীকরণ বিষয়ে বার্ষিক আলোচনায় যোগ দিতে, যা পর্যায়ক্রমে অনুষ্ঠিত হয় দিল্লি এবং মস্কোতে। ড. পঙ্কজ শর্মা, যুগ্ম সচিব (নিরস্ত্রীকরণ এবং আন্তর্জাতিক নিরাপত্তা বিষয়ক) পররাষ্ট্রমন্ত্রক, ভারতের প্রতিনিধি দলকে তরফে নেতৃত্ব দেন।

পরমাণু, সন্ত্রাসবাদ, পারমাণবিক শক্তি-সহ আন্তর্জাতিক বিষয়ের সমস্যাগুলি নিয়ে বিস্তৃত আলোচনা হয়।

ভারত-রাশিয়া কূটনৈতিক সম্পর্কের ৭০ বছর উদযাপনের একটি অংশ হিসাবে জনাব লয়ানভ 'ভারত-রাশিয়া অংশীদারিত্ব এবং পরমাণু অস্ত্র প্রসার রোধ এবং অস্ত্র নিয়ন্ত্রণ'-এর উপর একটি বক্তব্য রাখেন, ২৩ মার্চ, ২০১৭।

নয়াদিল্লি

মার্চ ২৪, ২০১৭